



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-৭৪/ ২১৫/৬

তারিখ: ১১/০৫/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.১৮-৩৬৫; তারিখঃ ০৫/০৪/২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৭৪/১৮৮৩/৮; তারিখঃ ১৭/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন সোনাখালী পি, কে, মোহসিনিয়া আলিম মাদ্রাসার সাবেক সভাপতি ও জেলা ইউনিট কমান্ডার জনাব মোঃ তৈয়বুর রহমান সেলিম পৃথক পৃথক দুইটি অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়নে অনিয়ম এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ শিহাব উদ্দিনের জাল সার্টিফিকেট ও বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করা হয় (কপি সংযুক্ত)।

অভিযোগের প্রেক্ষিতে সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট-কে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ, বাগেরহাট এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ শিহাব উদ্দিন এর ১৯৮৫ সালের ২য় বিভাগের কামিল পাশ করা সনদ জালিয়াতির উদ্দেশ্যে সৃজন করা জাল সনদ মর্মে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রমানিত অভিযোগের বিষয়ে তাঁর সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (-৪-) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ শিহাব উদ্দিন, অধ্যক্ষ
সোনাখালী পি, কে, মোহসিনিয়া আলিম মাদ্রাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-৭৪/ ২১৫/৬

তারিখ: ১১/০৫/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৪। সভাপতি, গভার্ণিং বডি, সোনাখালী পি, কে, মোহসিনিয়া আলিম মাদ্রাসা, পোঃ সোনাখালী, উপজেলা: মোরেলগঞ্জ, জেলা: বাগেরহাট।
- ৫। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সোনাখালী পি, কে, মোহসিনিয়া আলিম মাদ্রাসা, পোঃ সোনাখালী, উপজেলা: মোরেলগঞ্জ, জেলা: বাগেরহাট।
- ৬। জনাব মোঃ তৈয়বুর রহমান সেলিম, সাবেক সভাপতি ও জেলা ইউনিট কমান্ডার, সোনাখালী পি, কে, মোহসিনিয়া আলিম মাদ্রাসা, পোঃ সোনাখালী, উপজেলা: মোরেলগঞ্জ, জেলা: বাগেরহাট।
- ৭। পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪